

**AKASHVANI(AIR)
RNU: KOLKATA
Bengali Text Bulletin**

Date 08-02-2026

Time: 7.35 AM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে এস আই আর প্রক্রিয়ার শুনানিতে নথি হিসেবে জেলাশাসক ও মহকুমা শাসকদের দেওয়া স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
- ২) রাজ্যে এস আই আর প্রক্রিয়ার শুনানি পর্ব গতকাল শেষ হওয়ার কথা থাকলেও একাধিক জেলা প্রশাসন এর মেয়াদ বৃদ্ধির আর্জি জানিয়েছে।
- ৩) রাজ্যে এস আই আর প্রক্রিয়াকে কেন্দ্র করে ব্যাপক অনিয়ম এবং ভয়ের পরিবেশ তৈরির অভিযোগ তুলে মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে স্মারকলিপি জমা দিয়েছে বিজেপি।
- ৪) দেশের উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে একটি ভূগর্ভস্ত রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে।
- ৫) জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বিদ্যাসাগর সেতু বা দ্বিতীয় হৃগলী সেতু আজ সকাল ৬-টা থেকে সন্ধে ৬-টা পর্যন্ত বন্ধ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নথি হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষের জারি করা স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নির্দিষ্ট নিয়ম মেনে জেলাশাসক বা সমতুল কর্তৃপক্ষ ও মহকুমা শাসকদের দেওয়া স্থায়ী বাসিন্দা শংসাপত্রই SIR এর ক্ষেত্রে গ্রহণযোগ্য নথি হিসেবে বিবেচিত হবে। এর বাইরে অন্য কোনও কর্তৃপক্ষের জারি করা নথি গ্রহণযোগ্য হবে না বলেও স্পষ্ট করে দিয়েছে কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক কে পাঠানো এক চিঠিতে কমিশনের তরফে জানানো হয়েছে, বিশেষ নিবিড় সংশোধনী নির্দেশিকা অনুযায়ী স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য নথির তালিকায় রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য SIR এর শুনানি প্রক্রিয়ার সময়সীমা বাড়ানোর জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছে। ওই সময়সীমা ১৪ই ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানোর আবেদন জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কমিশনকে চিঠি দিয়েছেন। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী গতকালই শুনানির সময়সীমা শেষ হওয়ার কথা ছিল। কিন্তু মুখ্য নির্বাচনী আধিকারিক জানান এখনো পর্যন্ত সব জেলায় একশ শতাংশ শুনানি শেষ হয়নি। কলকাতা উত্তর, দক্ষিণ ২৪ পরগনা, মালদা, কর্ণফুলি সহ কয়েকটি জায়গায় ৩ থেকে ৪ শতাংশ ভোটারের শুনানি এখনো বাকি আছে। তাই শুনানির মেয়াদ বাড়ানোর আবেদন করা হয়েছে। কমিশন এই সময়বৃদ্ধির অনুমোদন দিলে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিনও নির্ধারিত ১৪ই ফেব্রুয়ারির পরিবর্তে সপ্তাহ খানেক পিছিয়ে যেতে পারে বলে তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য এস আই আর প্রক্রিয়াকে কেন্দ্র করে ব্যাপক অনিয়ম এবং ভয়ের পরিবেশ তৈরির অভিযোগ তুলে সরব হয়েছে বিজেপি। গতকাল একটি প্রতিনিধি দল রাজ্যের

মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে স্মারকলিপি জমা দিয়েছেন। তারা অভিযোগ করেন, ভোটার তালিকা থেকে অবৈধ নাম বাদ দেওয়ার জন্য ফর্ম সেভেন জমা দিতে গেলে, সাধারণ মানুষকে হেনস্থার মুখে পড়তে হচ্ছে। পাশাপাশি যারা এবিষয়ে আপত্তি জানাচ্ছেন, তাদের ব্যক্তিগত তথ্য, সরকারী দফতর থেকে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের হাতে তুলে দেওয়া হচ্ছে। প্রতিনিধি দলে ছিলেন, বিজেপি নেতা তাপস রায়, প্রতাপ বন্দ্যোপাধ্যায় এবং সঞ্জয় সিং। স্মারকলিপিতে বলা হয়েছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং অন্যান্য মন্ত্রী, সাংসদরা প্রকাশ্য জনসভা থেকে যেভাবে উক্ফানিমূলক মন্তব্য করছেন, তাতে বিজেপি কর্মী থেকে শুরু করে কমিশনের আধিকারিক পর্যন্ত সকলের ওপরেই আক্রমণের আশঙ্কা তৈরি হয়েছে। এমত অবস্থায় কমিশনের পূর্ণ ক্ষমতা ব্যবহার করে রাজ্যে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের পরিবেশ নিশ্চিত করতেও আবেদন জানানো হয়েছে। পাশাপাশি ওই স্মারকলিপির একটি প্রতিলিপি ও রাজ্যের স্বরাষ্ট্র দফতরের নির্বাচন শাখাতে জমা দিয়েছে বিজেপি।

A horizontal line of 20 small black circles, evenly spaced, representing the number 20.

SIR প্রক্রিয়া নিয়ে মানুষের মধ্যে ভয়ের বাতাবরণ তৈরি করা হচ্ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষেত্র সরকার অভিযোগ করেছেন। গতকাল কলকাতায় সাংবাদিক বৈঠকে তিনি বলেন, অসুস্থ মানুষকেও শুনানিতে হাজিরা দিতে হচ্ছে। এর প্রতিবাদে আগামীকাল সোমবার প্রদেশ কংগ্রেস CEO দফতরে যাবেন বলে তিনি জানান।

A horizontal line of 20 black circles, evenly spaced, representing the number 20.

বিজেপি তাদের সংকল্পপত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশের জন্য সর্বস্তরের মানুষের মতামত গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শ্রমীক ভট্টাচার্য এই মতামত গ্রহণের জন্য একটি ইমেইল আইডি-র উদ্বোধন করেন।

শ্রী ভট্টাচার্য বলেন, রাজ্যের ২ কোটি ৩৮ লক্ষ ভোটার বিজেপি-কে ভোট দিয়েছে। এর থেকেই স্পষ্ট তৃণমূল কংগ্রেসকে পরাজিত করার ক্ষমতা একমাত্র বিজেপির-ই রয়েছে।

(বাইট - শমিক)

'সংকল্প ডট ডাবলিউ বি ২০২৬ অ্যাট দ্য রেট বিজেপি বেঙ্গল ডট ওআরজি' এই ইমেইল আইডিতে প্রত্যেকের তাদের মতামত জানাতে পারবে।

এছাড়া ১৭২৭২৯৪২-১৪ টোল ক্রি নম্বরেও মতামত জানানো যাবে। ১৮-ই ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্তে ১ হাজার ড্রপ বক্স বসানো হবে। সেখানেও জানানো যাবে পরামর্শ ও প্রস্তাব।

সকলের মতামত ও পরামর্শ নিয়েই সংকল্পপত্র তৈরি হবে। এক প্রশ্নের উত্তরে
রাজ্য সভাপতি জানান, এর আগেও সকলের মতামত নিয়ে সংকল্প পত্র তৈরি করা
হয়েছে। তবে এবার সমাজের সর্বস্তরের মানুষের মতামত নেওয়া হবে।

A horizontal line of 20 black circles, evenly spaced, representing the number 20.

সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের শেষ দিনও ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস এবং বিরোধী বিজেপি বিধায়কদের বচসায় উত্তপ্ত হয়ে উঠল। সংখ্যালঘু ইস্যুতে বিতর্কিত মন্তব্যের অভিযোগ তুলে ‘স্বাধিকার ভঙ্গ’র নোটিশের প্রস্তাব দেওয়া হয় বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের বিরুদ্ধে। প্রতিবাদে বিজেপি বিধায়করা, ওয়াকআউট করেন। অন্তর্বর্তী বাজেট নিয়ে শাসক ও বিরোধীদের তরঙ্গায় উত্তপ্ত হয়ে উঠল এবারের অধিবেশন

(ভয়েসকাস্ট – অভিন্নপ)

A horizontal line of 20 black circles, evenly spaced, representing the total number of digits in the sequence.

দেশের উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিঙ্গড়ির কাছে ভূগর্ভস্থ রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে। প্রস্তাবিত নতুন লাইনটি শিলিঙ্গড়ি করিডোর দিয়ে যাবে। তিনমাইল হাট থেকে রাঙ্গাপাণী এবং সেখান থেকে বাগড়োগরা পর্যন্ত সম্প্রসারিত হবে লাইনটি। কৌশলগতভাবে সংবেদনশীল এই করিডোরে সুরক্ষিত, নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন রেল সংযোগ নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। এই করিডোরটি প্রায় ২২ কিলোমিটার চওড়া একটি সংকীর্ণ ভূখণ্ডের মাধ্যমে মূল ভারতকে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে সংযুক্ত করে। নেপাল, ভুটান ও বাংলাদেশ লাগোয়া আন্তর্জাতিক সীমান্তের কাছাকাছি থাকা, এই আন্তরিকাউন্ড রেললাইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে মনে করা হচ্ছে।

A horizontal line of 20 black circles, evenly spaced, representing the number 20.

উত্তর দিনাজপুর এর বাঙালবাড়ী এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি মেনে রাধিকাপুর-হাওড়া কুলিক এক্সপ্রেস ট্রেনের বাঙালবাড়ী রেলস্টেশনে আনুষ্ঠানিকভাবে স্টপেজ চালু হয়েছে। সবুজ পতাকা নেড়ে ট্রেনের স্টপেজের শুভ সূচনা করেন রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল। এর ফলে বাঙালবাড়ী সহ পার্শ্ববর্তী এলাকার কয়েক হাজার সাধারণ মানুষ উপকৃত হবেন। বিশেষ করে ছাত্রছাত্রী, কর্মজীবী মানুষ, ব্যবসায়ী ও রোগী পরিবহণে বড়সড় স্বত্ত্ব আসবে বলে মত স্থানীয়দের।

রাজ্য অন্তর্বর্তীকালীন বাজেটে নদী সমুদ্রের মৎস্যজীবীদের জন্য রাজ্য সরকারের পূর্বঘোষিত সমুদ্রসাথী প্রকল্পের কোন উল্লেখ না থাকায় ক্ষুদ্র ও প্রাণ্তিক মৎস্যজীবীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া তৈরি হয়েছে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু বা দ্বিতীয় হৃগলী সেতু আরো এক দফায় বন্ধ রয়েছে। আজ সকাল ছটা থেকে সন্ধে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ রয়েছে। এই সময়ে এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাসের প্রভাবে রাজ্যে প্রায় সব জায়গাতেই তাপমাত্রা হঠাতে করে কিছুটা কমে যাওয়ায় শীতের আমেজ বজায় রয়েছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০